

## নেপালের পরিস্থিতির উপর বিবৃতি

গতকাল সংবিধান প্রণয়নের পরে ভারতের সীমান্তবর্তী নেপাল অঞ্চলে হিংসার ঘটনায় জীবনহানি ও বহু মানুষ আহত হওয়ায় আমরা অত্যন্ত উদ্বেগিত। বর্তমানের অশান্তিকর পরিস্থিতির দরুণ আমাদের পণ্য সরবরাহ সংস্থা ও পরিবহনকারীরা নেপালের অভ্যন্তরে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি এবং তাঁদের নিরাপত্তা নিয়ে অভিযোগ জানিয়েছে।

নেপালের রাজনৈতিক নেতৃত্বের কাছে আমরা বারংবার সতর্ক করেছি যাতে নেপালের ঐ অঞ্চলে উত্তেজনা প্রশমনের জন্য জরুরী পদক্ষেপ নেওয়া হয়। যদি সময়োপযোগী ব্যবস্থা গ্রহণ করা হতো তাহলে এই ভয়ংকর পরিস্থিতি এড়ানো যেতো।

আমরা নিরন্তর যুক্তি দিয়ে এসেছি যে, নেপালের রাজনৈতিক চ্যালেঞ্জের সমাধানের জন্য নেপালের সকল স্তরের সমাজের মধ্যে সর্বসম্মতি সৃষ্টি করা অবশ্যকর্তব্য হওয়া উচিত। নেপালের বর্তমান সমস্যার চরিত্র রাজনৈতিক এবং বলপ্রয়োগ করে সেটা সমাধান করা যাবে না। আমরা এখনও আশাবাদী যে নেপালের বর্তমান সংঘাতমূলক পরিস্থিতি সৃষ্টির প্রকৃত কারণ সমাধানের জন্য রাজনৈতিক নেতৃত্ব উপযুক্তো এবং বিশ্বাসযোগ্য পদক্ষেপ গ্রহণ করবেন।